



বাউবি'তে শীঘ্রই e-GP  
চালু হতে যাচ্ছে

বাউবি স্টোরের বিভিন্ন ধরনের পুরাতন/অব্যবহারযোগ্য  
মালামাল এবং পরীক্ষা বিভাগের পুরাতন উত্তরপত্র/কাগজাদি  
বিক্রয়ের জন্য উন্মুক্ত নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

ডিজিটাল বাউবি'তে পড়ব  
ডিজিটাল বাংলাদেশ গড়ব

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর কেন্দ্রীয় স্টোরের বিভিন্ন ধরনের পুরাতন/অব্যবহারযোগ্য মালামাল এবং পরীক্ষা বিভাগের পুরাতন উত্তরপত্র/কাগজাদি উন্মুক্ত নিলাম দরপত্রের মাধ্যমে 'যেখানে যে অবস্থায় আছে' সে অবস্থায় বিক্রয়ের জন্য অত্র বিজ্ঞাপনের শর্তনুযায়ী আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে সাদা কাগজ/নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রের সাথে জামানত বাবদ 'বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর'-এর অনুকূলে উদ্ধৃত মূল্যের ০৫% (পাঁচ) টাকা (তফসিলি ব্যাংক থেকে গৃহীত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট আকারে) সংযুক্ত করতে হবে, অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। আগ্রহী দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠান প্রয়োজনে বাউবি'র গাজীপুরস্থ সদর দপ্তরে রক্ষিত পুরাতন/অব্যবহারযোগ্য মালামাল (কেন্দ্রীয় স্টোরে) এবং পুরাতন উত্তরপত্র/কাগজাদি (পরীক্ষা বিভাগে) পরিদর্শন করতে পারবেন।

কেন্দ্রীয় স্টোরের বিভিন্ন ধরনের পুরাতন/অব্যবহারযোগ্য মালামাল এবং পরীক্ষা বিভাগের পুরাতন উত্তরপত্র/কাগজাদির বিবরণ :

ক্রমিক	মালামালসমূহের বিবরণ	সংখ্যা/পরিমাণ
০১ থেকে ৪৫	কেন্দ্রীয় স্টোরের বিভিন্ন ধরনের আসবাবপত্র, ইলেকট্রনিক্স আইটেমসহ অন্যান্য মালামাল	আইটেমওয়ারী লট মোতাবেক
৪৬	পরীক্ষা বিভাগের পুরাতন উত্তরপত্র	১০০ মেট্রিক টন (কম/বেশী হতে পারে)
৪৭	পরীক্ষা বিভাগের ছেড়া ও পুরাতন প্রশ্নপত্র	০২ মেট্রিক টন (কম/বেশী হতে পারে)
৪৮	পুরাতন বই/কাগজাদি	০১ মেট্রিক টন (কম/বেশী হতে পারে)

অফেরৎযোগ্য ২০০/- (দুই শত) টাকার বিনিময়ে এতদসংক্রান্ত দরপত্র সিডিউল বাউবি'র গাজীপুরস্থ অর্থ ও হিসাব বিভাগের ক্যাশ শাখা হতে সংগ্রহ করা যাবে। দরপত্র সিডিউল ২৬/০৭/২০১৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। এতদসংক্রান্ত আইটেমসমূহের বিস্তারিত বিবরণ সিডিউলে পাওয়া যাবে।

দরপত্র সমূহ বাউবি'র গাজীপুরস্থ ট্রেজারার দপ্তরে রক্ষিত দরপত্র বাঞ্ছা আগামী ২৭/০৭/২০১৬ তারিখ দুপুর ০২:০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে এবং একই দিন ০২:১৫ মিনিটে দাখিল/গ্রহণের স্থানে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

সকল দরদাতাকে কার্যাদেশ/বিক্রয়াদেশ পাওয়ার ১০ (দশ) দিনের মধ্যে অবশিষ্ট ৯৫% অর্থ ও সরকারী আইন/বিধি মোতাবেক নিলাম পণ্যের ক্রেতাকে উৎসে কর, আয়কর ও ভ্যাট প্রদান পূর্বক মালামাল অপসারণের কাজ শুরু করতে হবে এবং ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সমাপ্ত করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্ত পূর্বক দরপত্র বাতিল করা হবে। মালামালসমূহের মালিকানা হস্তান্তর ফি ও যাবতীয় কর/বকেয়া করসহ (যদি থাকে) সমুদয় ব্যয় ক্রেতা বহন করবেন। দরপত্রের মেয়াদ ১২০ (এক শত বিশ) দিন বহাল থাকবে।

ছকে বর্ণিত প্রতিটি মালামালের জন্য পৃথক পৃথক দর দাখিল করতে হবে। তবে জামানত পৃথক পৃথকভাবে অথবা একত্রভাবে দেয়া যাবে। একজন দরদাতা/প্রতিষ্ঠান একটি সিডিউল ক্রয় করত: সকল অথবা একটি মালামালের জন্য দর দাখিল করতে পারবেন।

বাউবি কর্তৃপক্ষ যে কোন বা সকল দরপত্র কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর বিভিন্ন  
প্রোগ্রামের ভর্তির তথ্যের জন্য বাউবি'র  
ওয়েবসাইট [www.bou.edu.bd](http://www.bou.edu.bd) দেখুন।

(মোঃ মাহবুব উল ইসলাম)  
উপ-পরিচালক (সংগ্রহ), বাউবি।  
ফোন : ৯২৯১১০১-৪/৪২৯।  
Email: mahbub\_bou@yahoo.com